

শতাব্দী

জন্ম : .....  
মৃত্যু : ..... ১৫

## হাজী দানেশ বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি ড. মোশাররফ

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মুস্তিকা  
বিজ্ঞান বিভাগের



প্রফেসর ড.  
মোশাররফ হোসেন  
মিয়াকে দিনাজপুরের  
হাজী মোঃ দানেশ  
বিজ্ঞান ও প্রযুক্তি  
বিশ্ববিদ্যালয়ের ভাইস

চ্যান্সেলর নিয়োগ করা হয়েছে। রষ্ট্রপতি ও  
ভিসি : পৃষ্ঠা : ১৫ কলাম : ২

(শেষ পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ডা. একিউএম  
বদরুদ্দোজা চৌধুরী তাকে আগামী ৪ বছরের  
জন্য এ নিয়োগ প্রদান করেন। প্রফেসর  
মোশাররফ ১৯৭১ সালে বাংলাদেশ কৃষি  
বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি, এজি (সম্মান)-  
এ প্রথম শ্রেণীতে প্রথম এবং ১৯৭২ সালে  
মুস্তিকা বিজ্ঞান বিষয়ে এমএসসি, এজিতে  
প্রথম শ্রেণীতে প্রথম হন। ১৯৭২ সালের  
ডিসেম্বর থেকে ১৯৭৫ সালের জুন পর্যন্ত  
মুস্তিকা বিজ্ঞান বিভাগে রিসার্চ অ্যাসোসিয়েট  
হিসাবে শিক্ষকতা ও গবেষণা করেন এবং  
১৯৭৫ সালের ১ জুলাই লেকচারার হিসাবে  
স্থায়ী পদে যোগদান করেন। তিনি ১৯৮১  
সালে কমনওয়েলথ স্কলার হিসাবে বিলেতের  
ডাউন্ড ইউনিভার্সিটি থেকে পিএইচডি ডিগ্রি  
অর্জন করেন। পরবর্তী সময়ে ড. মোশাররফ  
১৯৮৮ সালে ওই বিশ্ববিদ্যালয়ে  
কমনওয়েলথ পোস্ট ডক্টরাল ফেলোশিপ  
সম্পন্ন করেন। তিনি ১৯৯১ সালে প্রফেসর  
পদে উন্নীত হন।

৩